# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -৪ (العبر ـ৪)

(১) সমাজ পরিবর্তনের মত কঠিন দায়িত্ব পালনের জন্য সবার আগে প্রয়োজন সংস্কারকদের স্ব স্ব আক্বীদা-বিশ্বাস দৃঢ় করণ। নবুঅত লাভের পরপরই ছালাত ফরযের মাধ্যমে আল্লাহর পক্ষ হ’তে সে ব্যবস্থাই করা হয়েছে।

(২) আল্লাহর যিকরের প্রধান অনুষ্ঠান হ’ল ছালাত। এর বাইরে বিভিন্ন বানোয়াট যিকরের অনুষ্ঠানাদি বিদ‘আতের অন্তর্ভুক্ত।

(৩) বৈরী পরিবেশে প্রথমে গোপন দাওয়াতের মাধ্যমে সমর্থক সৃষ্টি ও মানুষ তৈরীই যুক্তিযুক্ত। রাসূল (ছাঃ)-এর দাওয়াতী নীতিতে সেটাই দেখা যায়।

(৪) সমাজে সর্বদা ভাল ও মন্দ দু’ধরনের লোকের অস্তিত্ব থাকে। সংস্কারকের দাওয়াতে প্রথমে ভাল লোকেরা সাড়া দেয়। যদিও তারা সংখ্যায় কম হয় এবং দুষ্টু সমাজনেতাদের চাপে সমাজে কোনঠাসা হয়ে থাকে।

(৫) কেবলমাত্র আখেরাতমুখী দাওয়াতই মানুষকে দুনিয়া ত্যাগে উদ্বুদ্ধ করে এবং সংস্কার আন্দোলনকে সাফল্যের দ্বারপ্রান্তে পৌঁছে দেয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5205

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন